হরমুজ প্রণালী ইস্যুতে চীনের দ্বারে যুক্তরাষ্ট্র, ইরানকে চাপে ফেলতে অনুরোধ



ছবি সংগৃহীত

মধ্যপ্রাচ্যের কৌশলগত তেল পরিবহণের গুরুত্বপূর্ণ সামুদ্রিক পথ হরমুজ প্রণালী।সম্প্রতি মার্কিন হামলার প্রতিবাদে ইরান এটি বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।এটি খোলা রাখতে ইরানকে চাপ দেওয়ার অনুরোধ জানিয়েছে যুক্তরাষ্ট্র। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেছেন, ইরান যদি প্রণালীটি বন্ধ করে তাহলে চীন সবচেয়ে ক্ষতিগ্রস্ত হবে।পাশাপাশি আমরা সবাই এতে ক্ষতিগ্রস্ত হবো।

গতকাল রোববার (২২ জুন) সংবাদমাধ্যম সিবিএস নিউজের 'ফেস দ্য নেশন' অনুষ্ঠানে রুবিও বলেন, "ইরান যদি হরমুজ প্রণালী বন্ধ করে তাহলে সবার আগে চীন সরকারের ক্ষুব্ধ হওয়া উচিত। কারণ তাদের অনেক তেল এখান দিয়ে আসে। যদি ইরান হরমুজ প্রণালীতে মাইন স্থাপন করে, তাহলে চীনকে চড়া মূল্য দিতে হবে এবং অন্যান্য দেশকেও মূল্য দিতে হবে। আমাদেরও দিতে হবে। প্রণালী বন্ধ হলে কিছু প্রভাব আমাদের ওপর পড়বে। পুরো বিশ্বের ওপর ব্যাপক প্রভাব পড়বে। ইরান যদি এ কাজ করে তাহলে এটি তাদের জন্য বাণিজ্যিক আত্মহত্যা হবে।"

মার্কিন পররাষ্ট্রমন্ত্রী দাবি করেছেন, ইরান হরমুজ প্রণালী বন্ধ করলে এর বিরুদ্ধে পাল্টা ব্যবস্থা নেওয়ার সক্ষমতা যুক্তরাষ্ট্রের আছে।

সূত্র: সিএনএন